

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০২০

৩৮/ হত্যা অবৈধ হওয়া (کتاب تحریم الدم)
পরিচ্ছেদঃ ৫. যে কারণে মুসলিমকে হত্যা করা বৈধ

ذِكْنُ مَا يَحِلُّ بِهِ دَمُ الْمُسْلِم

আরবী

أَخْبَرنِي إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ قَالَ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى قَالَ حَدَّتَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ قَالَ حَدَّتَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ حَدَّتَنِي أَبُو أَمَامَةَ بْنُ سَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ عَامِرِ بْنِ رَبِيعَةَ قَالَا حَدَّتَنَا مَعْ عُثْمَانَ وَهُوَ مَحْصُورٌ وَكُنَّا إِذَا دَخَلْنَا مَدْخَلًا نَسْمَعُ كَلَامَ مَنْ بِالْبَلَاطِ فَدَخَلَ عُثْمَانُ يَوْمًا ثُمَّ خَرَجَ فَقَالَ إِنَّهُمْ لَيَتَوَاعَدُونِي بِالْقَتْلِ قُلْنَا يَكْفِيكَهُمُ اللَّهُ قَالَ فَلِمَ يَقْتُلُونِي عُثْمَانُ يَوْمًا ثُمَّ خَرَجَ فَقَالَ إِنَّهُمْ لَيَتَوَاعَدُونِي بِالْقَتْلِ قُلْنَا يَكْفِيكَهُمُ اللَّهُ قَالَ فَلِمَ يَقْتُلُونِي عَثْمَانُ يَوْمًا ثُمَّ حَرَجَ فَقَالَ إِنَّهُمْ لَيَتَوَاعَدُونِي بِالْقَتْلِ قُلْنَا يَكْفِيكَهُمُ اللَّهُ قَالَ فَلِمَ يَقْتُلُونِي عَمْدُ وَمَا لَكُ مِلْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَا يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ إِلَّا بِإِحْدَى ثَلَاتٍ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَا يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ إِلَّا بِإِحْدَى ثَلَاتٍ رَجُلُ كَفَرَ بَعْدَ إِسْلَامِهِ أَوْ زَنَى بَعْدَ إِحْصَانِهِ أَوْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ فَوَاللَّهِ مَا زَنَيْتُ فِي رَبُولُ مَا لَا اللَّهُ وَلَا يَسْلَمُ وَلَا إِسْلَامٍ وَلَا تَمَنَيْتُ أَنَّ لِي بِدِينِي بَدَلًا مُنْذُ هَدَانِيَ اللَّهُ وَلَا قَتْلْتُ نَفْسًا فَلِمَ يَقْتُلُونَنِي

বাংলা

8০২০. ইবরাহীম ইবন ইয়াকূব (রহঃ) ... আবু উমামা ইবন সাহল এবং আবদুল্লাহ্ ইবন আমর ইবন রবীআ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা উসমান (রাঃ)-এর সাথে ছিলাম, তখন তিনি অবরুদ্ধ অবস্থায় ছিলেন, আমরা যখন কোন স্থানে প্রবেশ করতাম, তখন (মদীনার) বালাত নামক স্থানের লোকের কথা শুনতাম। একদিন উসমান (রাঃ) ভিতরে প্রবেশ করলেন, এরপর তিনি বের হলেন এবং বললেনঃ তারা আমাকে হত্যা করার হুমিকি দিচ্ছে। আমরা বললামঃ আল্লাহ তাআলাই আপনার জন্য যথেষ্ট। তিনি বললেনঃ তারা আমাকে কেন হত্যা করতে চায়?

আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, কোন মুসলিম ব্যক্তিকে তিন কারণ ব্যতীত হত্যা করা বৈধ নয়ঃ ১. কোন ব্যক্তি ইসলাম গ্রহণ করার পর কাফির হলে, অথবা ২. বিবাহ করার পর ব্যভিচার করলে, অথবা ৩. কাউকে অন্যায়ভাবে হত্যা করলে। আর আল্লাহর কসম! না আমি জাহিলী যুগে ব্যভিচার করেছি, না ইসলাম গ্রহণের পর। আর যেদিন আল্লাহ আমাকে হিদায়ত দান করেছেন তখন হতে আমি কোন সময় ধর্ম ত্যাগের ইচ্ছাও করিনি। আর আমি কাউকেও অন্যায়ভাবে হত্যাও করিনি, তবুও তারা কেন আমাকে হত্যা করবে ?



English

Abu Umamah bin Sahl and 'Abdullah bin 'Amir bin Rabi'ah said:
"We were with 'Uthman when he was under siege and we could hear what
was said from Al-Balat. 'Uthman came in one day, then he came out, and
said: 'They are threatening to kill me.' We said: 'Allah will suffice you against
them.' He said: 'Why would they kill me? I heard the Messenger of Allah
[SAW] say: It is not permissible to shed the blood of a Muslim except in one
of three cases: A man who reverts to Kufr after becoming Muslim, or
commits adultery after being married, or one who kills a soul unlawfully. By
Allah, I did not commit adultery during Jahiliyyah or in Islam, I never wished
to follow any other religion since Allah guided me, and I have never killed
anyone, so why do they want to kill me?'"

ফুটনোট

তাহকীকঃ সহীহ। ইবন মাজাহ ২৫৩৩, ইরওয়া ৭/২৫৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু উমামাহ বিন সাহল (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন